কালের কণ্ঠ

তারিখ 23 NOV 2017
পৃষ্ঠা ১ কলাম ৪

# এবার পিইসির প্রশ্নও ফাঁস

কালের কণ্ঠ ডেস্ক ▷

এবার খুদে শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনাও ঘটল। পরীক্ষার আগের রাতেই সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের বিভিন্ন গ্রুপ ও পেজে মিলেছে প্রশ্ন-উত্তর, যার সঙ্গে পরদিন সকালে অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নপত্রের মিল পাওয়া গেছে। এত দিন টাকার বিনিময়ে [illegible]শ্নপত্র কেনাবেচার কথা জানা [illegible]ও এবার বিনা মূল্যে প্রশ্নপত্র [illegible] ফেসবুকে।

[illegible]বার রাতে বিডিনিউজ [illegible] ডটকমের এক [illegible] বলা হয়, 'সপ্তাহখানেক আগে শেষ হওয়া জেএসসির প্রায় সব কটি পরীক্ষার প্রশ্ন মিলেছে কয়েকটি ফেসবুক গ্রুপ ও পেজে। এখন পিইসির প্রশ্ন ও তার উত্তর তুলে দেওয়া হচ্ছে এসব গ্রুপ-পেজে, যার কোনো কোনোটির সদস্যসংখ্যা অর্ধলক্ষাধিক। গতকাল সকাল ১১টা থেকে দেড়টা পর্যন্ত দেশজুড়ে একযোগে পিইসির প্রাথমিক বিজ্ঞান পরীক্ষা হয়। এই পরীক্ষার প্রশ্ন পেতে আগের দিন বিকেল থেকেই ফেসবুক গ্রুপগুলোতে অনেককে পোস্ট ও কমেন্ট করতে দেখা যায়। রাতে ও সকালে এসব গ্রুপে প্রশ্ন ও উত্তর পোস্ট করা হয়। পরীক্ষা শেষে ঢাকা

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৫

## এবার পিইসির —

▶▶ প্রথম পৃষ্ঠার পর

অঞ্চলের প্রশ্নের সঙ্গে তার মিল পাওয়া যায়।'

প্রতিবেদনে বলা হয়, "এর মধ্যে 'PSC JSC SSC HSC Question Suggestion. All Board Examine 2018+2019+20+21 BD' নামের একটি পাবলিক গ্রুপে 'Md Rasel' নামের একজন সকাল ৯টা ৫৫ মিনিটে প্রশ্নের ছবি পোস্ট করেন। পরীক্ষা শেষে দেখা যায়, ফাঁস হওয়া এ প্রশ্নের সঙ্গে ঢাকা অঞ্চলের প্রশ্ন হুবহু মিলে গেছে। এই ফেসবুক গ্রুপের সদস্যসংখ্যা ৫৪ হাজার। জেএসসি পরীক্ষার প্রশ্ন-উত্তর আসার পর থেকে গ্রুপটিতে সদস্যসংখ্যা বাড়তে থাকে। পিইসি পরীক্ষা শুরুর পর ফের সদস্য বাড়তে দেখা গেছে। প্রশ্ন ফাঁসকারীদের মতো প্রশ্ন অনুসন্ধানে পোস্ট ও মন্তব্যকারীদের সংখ্যাও কম নয় এ গ্রুপে। এ গ্রুপের আরেক সদস্য 'Focus Boy Rony' রাত ২টার পরে কয়েক সেট প্রশ্ন ও উত্তর পোস্ট করেন। প্রাথমিক বিজ্ঞান প্রশ্নের রচনামূলক অংশের ১০টি প্রশ্নের মধ্যে চারটি প্রশ্নই তাঁর দেওয়া প্রশ্নপত্রে রয়েছে।"

বিডিনিউজ জানায়, "এদিকে 'PSC JSC SSC HSC Exam Helping Center' নামের একটি ফেসবুক গ্রুপে 'Tole Khan' নামের একটি অ্যাকাউন্ট থেকে সকাল ১০টা ১ মিনিটে দুটি প্রশ্নপত্র পোস্ট করা হয়। তার একটি হুবহু মিলে যায় ঢাকা অঞ্চলের প্রশ্নের সঙ্গে। এ গ্রুপের সদস্যসংখ্যা ২২ হাজার। দুটি ফেসবুক গ্রুপেই বিনা টাকায় প্রশ্ন ফাঁস করা হয়েছে।"

প্রতিবেদনে আরো বলা হয়, "পিইসির প্রশ্ন ফাঁস নিয়ে বক্তব্য জানতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবু হেনা মোস্তফা কামাল, অতিরিক্ত মহাপরিচালক মো. রমজান আলী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান ও অতিরিক্ত সচিব এ এফ এম মঞ্জুর কাদিরকে ফোন করে সাড়া পাওয়া যায়নি। তবে প্রশ্ন ফাঁস না করার আহ্বান জানিয়ে ফেসবুকে পোস্ট দিচ্ছেন অনেকে। বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত প্রশ্ন ফাঁসচক্রের সদস্যদের আটকের খবর শেয়ার করছেন তাঁরা।"